

ববির ভর্তি পরীক্ষা স্থগিত

সংবাদ : জেলা বার্তা পরিবেশক, বরিশাল

। ঢাকা, বুধবার, ১৬ অক্টোবর ২০১৯

বরিশাল বিশ্ববিদ্যালয়ের তহবিলে টাকাও আছে। কিন্তু সেই অর্থ ব্যয় করার কোন ক্ষমতা কারও নেই। কিন্তু প্রশাসনিক শূন্যতার কারণে বিশ্ববিদ্যালয়ের ঘোষিত ১৮ ও ১৯ অক্টোবরের ভর্তিপরীক্ষা স্থগিত করা হয়েছে। ভর্তি পরীক্ষার নতুন তারিখও জানাতে প্রারেননি কর্তৃপক্ষ। ২০১২ সালের ২৩ জানুয়ারী দক্ষিণাঞ্চলবাসীর স্বপ্নের বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষণ কার্যক্রমের উদ্বোধনের পরে চরম অচলবস্থার মধ্যে দিয়ে দিন কাটাচ্ছে এই পাবলিক বিশ্ববিদ্যালয়টি। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, রেজিস্ট্রার, ট্রেজোরার ও কন্ট্রোলারের অভাবে মুখ থুবড়ে পড়েছে বিশ্ববিদ্যালয়টির সার্বিক কার্যক্রম। মূলত এই প্রতিষ্ঠানটি এখন কে চালাচ্ছে বা কীভাবে চলছে তাও বলতে পারছেন না কেউ। ফলে ভর্তিচ্ছুল্প প্রায় ৫০ হাজার ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকগণ চরম অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছেন। এসব ছাত্র-ছাত্রী ও অভিভাবকরা বিষয়টি নিয়ে হত্যার সঙ্গে ক্ষেভ প্রকাশও করেছেন।